

## বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ

বরিশাল অফিসে ১১ বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও পাতারহাট আর. সি কলেজের সাবেক অধ্যক্ষ আনোয়ারুল হকের বিরুদ্ধে আর্থিক ও প্রশাসনিক অনিয়মের অভিযোগে তদন্ত রিপোর্টের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় নির্দেশ দিয়েছে। আনোয়ারুল হক ১৭ সেপ্টেম্বর চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করেন। এর

পূর্বে দীর্ঘ ২৫ বছর তিনি পাতারহাট আর. সি কলেজের অধ্যক্ষ ছিলেন। তার বিরুদ্ধে ১৬টি অভিযোগ উত্থাপন করে শিক্ষা প্রতিমন্ত্রীর নিকট আবেদন পেশ করার পর মন্ত্রীর নির্দেশে সংশ্লিষ্ট পরীক্ষা ও নিরীক্ষা (১০ম পৃ: ৫:)

### বরিশাল শিক্ষা বোর্ডের (৭ম পৃ: পূঃ)

অধিদপ্তরের পরিদর্শক আবদুল মজিদ ও সহকারী পরিদর্শক কামালউদ্দিন হায়দার এব্যাপারে ব্যাপক তদন্ত, কাগজপত্র পরীক্ষা ও অধ্যক্ষ আনোয়ারুল হকের বক্তব্য সংগ্রহের পর ৬টি অভিযোগের সত্যতা পান। তদন্ত কমিটি তাদের রিপোর্টে আর্থিক অনিয়মের সাথে যুক্ত থাকার জন্য অধ্যক্ষের নিকট থেকে সংশ্লিষ্ট অর্থ আদায় ও অনন্য অনিয়মের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে। ঐ রিপোর্ট নিরীক্ষা অধিদপ্তরের হাতে ঘুরে বিশ্ববিদ্যালয়ে পৌঁছে। বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক প্রফেসর জায়েদুর রহমান কলেজ গভর্নিং বডির সভাপতিকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। রিপোর্ট প্রসঙ্গে আনোয়ারুল হক এ প্রতিনিধিকে বলেন, উহা বাস্তবতা বিবক্ষিত। তিনি চেয়ারম্যান হওয়ায় একটি মহল দুরভিসন্ধি মূলকভাবে তার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে।